নম্বর 202.24

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি – সমস্ত নিউ ইয়র্ক স্টেটে দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই , গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 25 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- শিক্ষা আইনের (Education Law) সেকশন 6801 সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যাতে লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্টরা ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের (Food and Drug Administration, FDA) অনুমোদন করা COVID-19 পরীক্ষা করার আদেশ দিতে অনুমোদিত হয়, SARS-CoV-2 বা তার অ্যান্টিবডি সনাক্ত করতে, এবং উনিশ শো অষ্টআশী সালের ফেডারাল ক্লিনিকাল ল্যাবরেটরি ইম্প্রুভমেন্ট অ্যাক্টের (federal clinical laboratory improvement act) অধীনে ছাড়ের সার্টিফিকেটের সাপেক্ষে COVID-19 পরীক্ষা করাতে সেই সব রোগীর জন্য যাদের COVID-19 সংক্রমণ হয়েছে বলে সন্দেহ করা হয়, অথবা COVID-19 সংক্রমণ থেকে সেরে উঠেছেন বলে সন্দেহ করা হয়, এই শর্তে যে তারা স্বাস্থ্য দপ্তরের (Department of Health) তৈরি উপযুক্ত প্রশিক্ষণ সম্পূর্ন করবেন;
- জনস্বাস্থ্য আইনের (Public Health Law) সেকশন 571-এর সাবডিভিশন (6) সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যাতে একটি সীমিত পরিষেবার পরীক্ষাগার হিসেবে কাজ করার উদ্দেশ্যে লাইসেন্সপ্রাপ্ত ফার্মাসিস্টদের মনোনীত করা যায় জনস্বাস্থ্য আইনের সাবডিভিশন 579(3) অনুযায়ী সেই সব রোগীকে পরীক্ষা করার জন্য যাদের COVID-19 সংক্রমণ অথবা তার অ্যান্টিবডি আছে বলে সন্দেহ করা হয় এই শর্তে যে তেমন পরীক্ষা FDA-অনুমোদিত হতে হবে এবং একটি সীমিত পরীষেবার পরীক্ষাগারে ব্যবহারের জন্য ছাড়প্রাপ্ত; এবং

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 25 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- 37তম সিটি কাউন্সিলের পদের জন্য যে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তা এতদ্বারা বাতিল করা হল এবং সাধারণ নির্বাচনে এই পদ পূরণ করা হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

এপ্রিল মাসের পঁচিশতম দিনে এটি প্রদান করা

হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব